৭৪

ভোরের কাগজ

তারিখ ...22 DEC 1998 ...
পৃষ্ঠা ১০ কলাম ৬

## ব্র্যাক স্কুলে আগুন সম্পর্কে

'ব্রাহ্মণবাড়িয়ায় ব্র্যাকের স্কুলে আগুন' শীর্ষক প্রকাশিত সংবাদের প্রতিবাদ করেছেন ব্রাহ্মণবাড়িয়ার পুলিশ সুপার। তিনি ঘটনা সম্পর্কে জানিয়েছেন, গত ১৭ ডিসেম্বর রাত আনুমানিক ৮টা সাড়ে ৮ টার দিকে মজলিসপুর ইউনিয়নের মঈনগ্রামের জনৈক হিবজু মিয়ার বাড়ির ব্র্যাকের উপানুষ্ঠানিক স্কুলে কে বা কারা কেরোসিনের সাহায্যে নেকড়ায় আগুন লাগিয়ে একটি পলিথিনে ভরে তা নিক্ষেপ করে। এতে স্কুলের বেড়ার একটি বাঁশের খুঁটিতে ও বেড়া আগুনের তাপে সামান্য কালো হয়ে যায়। আশপাশের লোকজন দ্রুত এই আগুন নিভিয়ে ফেলে। এর পরপরই ব্রাহ্মণবাড়িয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা একদল পুলিশসহ ঘটনাস্থলে যান এবং ঘটনা সম্পর্কে অবহিত হন।

অনুসন্ধানে জানা যায়, কোনো মিছিল কিংবা দলবদ্ধ জনতা এ ঘটনা ঘটায়নি। স্কুলের কোনো ক্ষতি হয়নি। বর্তমানে স্কুলে পাঠদান যথারীতি অব্যাহত রয়েছে। অনুমান করা হচ্ছে ব্যক্তিগত শত্রুতার জের হিসেবে ঘটনাটি ঘটানো হয়েছে। বিজ্ঞপ্তি।